

পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দপ্তরে পরিচালক পদে প্রকৌশলী মোঃ সাহাদাত হোসেনের যোগদান



৩১ ডিসেম্বর ২০২০-বৃহস্পতিবার প্রকৌশলী মোঃ সাহাদাত হোসেন পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে পরিচালক (চুক্তিভিত্তিক) পদে যোগদান করেন। এই উপলক্ষে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান প্রকৌশলী মোঃ সাহাদাত হোসেনকে ফুলেল শুভেচ্ছা এবং অভিনন্দন জানান।

এসময় ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, রেজিস্ট্রার, প্রধান প্রকৌশলী, প্রক্টর, পরিচালক (অর্থ ও হিসাব) সহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য প্রকৌশলী মোঃ সাহাদাত হোসেন গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলী হিসেবে অবসর গ্রহণ করেন। শিক্ষাজীবনে সাহাদাত হোসেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) থেকে সিভিল ইঞ্জিনিয়ারিং এ বিএসসি ডিগ্রি সম্পন্ন করেন।